

**কৃষি শিক্ষক সমিতি**

**মুক্তিযুদ্ধের সুপক্ষ  
প্যানেলের বিপুল  
বিজয়**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-সিংহ) ১৯শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা) কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচন ১৬-এ আওয়ামী লীগ এবং বাম দলসমূহসহ মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকদের প্যানেল গণতান্ত্রিক শিক্ষক ফোরাম দীর্ঘ পাঁচ বছর পর বিপুল বিজয় অর্জন করেছে। ১১টি পদের মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৬টি পদে শিক্ষক ফোরামের প্রার্থীরা এবং অপর পাঁচটি পদে সমিতি ১:৬ কং ৩

**সমিতি : বিজয়**

(১ম পৃষ্ঠার পর)

বিএনপি সমর্থিত সোনালী দলের প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন।

১৮ই জানুয়ারি বৃহস্পতিবার অনুষ্ঠিত এ নির্বাচনে তিনশ' পঁচাত্তর জন ভোটারের মধ্যে তিনশ' সত্তর জন ভোটাধিকার প্রয়োগ করেন। দুপুর আড়াইটা থেকে ভোট গ্রহণ শুরু হয় এবং রাত সাড়ে এগারোটায় ফলাফল ঘোষণা করা হয়।

ফলাফলে দেখা যায়, সভাপতি পদে শিক্ষক ফোরামের প্রার্থী অধ্যাপক ডঃ মোঃ শহীদুল্লাহ তালুকদার (সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ) ১৬১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এ পদে সোনালী দলের প্রার্থী ডঃ আজাদ একএম শরফুদ্দিন পেয়েছেন ১৫৩ ভোট। সহ-সভাপতি পদে শিক্ষক ফোরামের প্রার্থী ডঃ শাহী আলম সোনালী দলের প্রার্থী ডঃ ইকবাল হোসেনকে পরাজিত করেছেন। তাদের প্রাপ্ত

ভোটসংখ্যা যথাক্রমে ১৬৮ ও ১৪৩। সাধারণ সম্পাদক পদে কৌশিক বিশ্ব বিভাগের অধ্যাপক ডঃ শাহ-ই আলম (গণতান্ত্রিক শিক্ষক ফোরাম) নির্বাচিত হয়েছেন ১৬৯ ভোট পেয়ে। এ পদে সোনালী দলের প্রার্থী ডঃ এ কে ফজলুল হক ভূইয়া পেয়েছেন ১৪৭ ভোট। যুগ্ম সম্পাদক পদে সোনালী দলের প্রার্থী মোঃ হাম্মাদুর রহমান পরাজিত করেছেন শিক্ষক ফোরামের প্রার্থী মোঃ শহীদুর রহমানকে। প্রাপ্ত ভোটসংখ্যা যথাক্রমে ১৬০ ও ১৪৬। কোষাধ্যক্ষ পদে সোনালী দলের প্রার্থী অধ্যাপক ডঃ মেসবাহউদ্দিন আহমেদ (সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ) ১৬৮ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এ পদে বিজিত প্রার্থী শিক্ষক ফোরামের মোঃ মোস্তাফিজুর রহমান পেয়েছেন ১৪৪ ভোট। নির্বাচিত সদস্যবৃন্দ হচ্ছেন অধ্যাপক ডঃ মুঃ আবুল কাশেম (ফোরাম), অধ্যাপক ডঃ নজরুল ইসলাম (সোনালী), অধ্যাপক এ কে, এম আব্দুল কুদ্দুস মিয়া (ফোরাম), অধ্যাপক শাহ নজরুল ইসলাম (ফোরাম), এ কে, এম ফজলুল হক (সোনালী), ডঃ মোঃ ইদ্রিস মিয়া (সোনালী)। নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বিদায়ী সভাপতি অধ্যাপক ডঃ মোঃ আব্দুল গাফফার।

১৯৯১ সাল থেকে সোনালী দলের প্যানেলকে জামাতপন্থী শিক্ষকরা সরাসরি সমর্থন করলেও এবার তা করেননি। একটি সূত্রে জানা গেছে সোনালী দল তাদের প্যানেলে দু'টি সদস্য পদ দিয়ে জামাতীদের ভেড়াতে চেষ্টা করেও ব্যর্থ হয়েছেন। জামাতী শিক্ষকরা কোন প্যানেলকে সরাসরি সমর্থন না করে নিজেদের পছন্দমত প্রার্থীকে ভোট দিয়েছেন বলেও এ সূত্রটি জানান।

নির্বাচনের বিজয়ী শিক্ষক ফোরামের কর্মকর্তাবৃন্দ তৎপর সাংবাদিকদের বলেছেন, বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করা এবং ক্যাম্পাসে মুক্তিযুদ্ধের চেতনাকে সম্মত করার জন্য গণতান্ত্রিক শিক্ষক ফোরাম কাজ করে যাবে। এর পাশাপাশি বাকৃষি শিক্ষক সমিতির হারানো ভাবমূর্তিকে পুনরুদ্ধার করে সমিতির গৌরবোচ্চ ভূমিকা পুনঃপ্রতিষ্ঠা করা হবে বলেও জানান নির্বাচিত শিক্ষক নেতৃবৃন্দ।



সভাপতি : ডঃ শহীদুল্লাহ তালুকদার



সম্পাদক : ডঃ শাহ-ই আলম